

Bangladesh Tourism Board
(National Tourism Organization)

BSL Office Complex (Hotel InterContinental), Level-3
Building-2, 1 Minto Road, Dhaka-1000, Bangladesh
www.tourismboard.gov.bd
www.beautifulbangladesh.gov.bd



MINISTRY OF CIVIL
AVIATION AND TOURISM

Bangladesh
Tourism Board
National Tourism Organization

কোভিড ১৯ চলাকালে
ট্রাভেল এজেন্ট, টুর গাইড এবং
টুর অপারেটরগণের জন্য অনুসরণীয় নির্দেশিকা



বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

ট্রাভেল এজেন্ট ও ট্রার অপারেটর

১. অফিস ব্যবস্থাপনা

- ১.১. অফিস এবং অফিস প্রাঙ্গণ আবশ্যিকভাবে নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত করা।
- ১.২. সর্ব সাধারণের স্পর্শ করার মতো জায়গা যেমন: দরজা, দরজার তালা এবং হাতল, কাউন্টার টেবিল, চেয়ার, মুদ্রণ এবং প্রচারমূলক সরঞ্জাম, রেলিং, জানালার পর্দা ইত্যাদি নিয়মিতভাবে জীবাণুমুক্ত করা।
- ১.৩. ব্যক্তিগত সুরক্ষা উপকরণ যেমন: হ্যান্ড-স্যানিটাইজার, মাস্ক, ফেস শিল্ড, গগলস, ফার্স্ট এইড বক্স, পূর্ণ দৈর্ঘ্যের লম্বা হাতা গাউন, ডিসপোজেবল অ্যাপ্রোন, ডিসপোজেবল টুপি, ব্যাগ/ বিন ইত্যাদির নিশ্চিত করা।
- ১.৪. “ডাক্তার অন কল” সুবিধা এবং জরুরি যোগাযোগের ফোন নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শন করা।
- ১.৫. কোন ভিজিটর বা কর্মী আকস্মিকভাবে অসুস্থ হলে তাকে সুস্থ করে তোলার জন্য সম্ভব হলে পৃথক এরিয়া বা রুম নিশ্চিত করা।
- ১.৬. সংক্রমিত ব্যক্তিকে চিহ্নিত করার জন্য সেবা এলাকা/প্রাঙ্গণসমূহ অবশ্যই সুরক্ষা নজরদারিতে রাখা।

২. অফিস স্টাফ

- ২.১. ট্রার পরিচালনায় সেবাপ্রদানকারী কর্মীদের SOP সম্পর্কে ভালভাবে অবহিত বা প্রশিক্ষিত হওয়া।
- ২.২. অফিসে মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সুরক্ষা ও সামাজিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা।
- ২.৩. কর্মীদের নিয়মিত তাপমাত্রা পরিমাপ এবং মেডিকেল চেকআপ করা এবং সক্রিয় স্বাস্থ্য বীমার অন্তর্ভুক্ত করা।
- ২.৪. স্টাফ মুভমেন্ট লগ বুক, অফিসে আগমন-প্রস্থানের সময় ইত্যাদি সঠিকভাবে রেকর্ড করা।
- ২.৫. স্বাস্থ্যবিধি এবং সুরক্ষার নিয়মাবলি অফিসে দর্শনীয় স্থানে প্রদর্শন করা।
- ২.৬. কর্মীদের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করার জন্য কর্মস্থলে সেবা কর্মীদের জন্য ন্যূনতম ৩০ মিনিট শারীরিক ব্যায়াম বাধ্যতামূলক করা।

৩. প্যাকেজ ট্রার প্রচার এবং বিপণন পরিকল্পনা

- ৩.১. ট্রাভেল এজেন্ট বা ট্রার অপারেটর কর্তৃক কাউন্টার-পার্টদের সাথে নিয়মিত অনলাইন যোগাযোগ রাখা।
- ৩.২. ট্রাভেল এজেন্ট বা ট্রার অপারেটর কর্তৃক সম্ভাব্য ক্রেতাদের আকৃষ্ট করার জন্য ওয়েবসাইট, ট্রার প্যাকেজ ও অনলাইন প্রচার সামগ্রী উন্নত করা ও পুনর্গড়িত করা।
- ৩.৩. অনলাইনে প্যাকেজ ট্রার বুকিং এর বিষয়ে তৎপরতা জোরদার করা।
- ৩.৪. বুকিং কনফার্ম করার পূর্বে পর্যটকের নিকট থেকে তার অতীত ভ্রমণ রেকর্ড বা ভ্রমণ বিবরণী গ্রহণ করা।

৪. পর্যটকের ভ্রমণ

- ৪.১. বিদেশী পর্যটকের বাংলাদেশে ভ্রমণের ক্ষেত্রে মেডিকেল রিপোর্ট বা প্রমাণক এবং COVID-19 সংক্রমণের ইতিহাস সম্পর্কে নিশ্চিত হওয়া।
- ৪.২. ভ্রমণকারীর পূর্বের ভ্রমণের রেকর্ড সংরক্ষণে রাখা।

- ৪.৩. ট্রার বুকিং নিশ্চিত করার সময় অনলাইনে বুকিং, টিকেটিং, প্রয়োজনীয় ক্ষেত্রে ভ্রমণের অনুমতি গ্রহণ এবং পেমেন্ট উৎসাহিত করা।
- ৪.৪. পর্যটন সংশ্লিষ্ট সকল প্রটোকল আবশ্যিকভাবে অনুসরণ করা।
- ৪.৫. বিভিন্ন স্থানে চলাচলকালে অতিথিদের শরীরের তাপমাত্রা নিয়মিত পরীক্ষা করা।
- ৪.৬. দেশের অভ্যন্তরে পর্যটক চলাচলের পূর্বে স্থানীয় প্রশাসন, টুরিস্ট পুলিশ, হোটেল, পরিবহন, চালক, গাইড এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে পর্যটকের ভ্রমণ বিবরণী, ভ্রমণপথ এবং প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা।
- ৪.৭. প্রতিটি বিক্রয়কেন্দ্র আন্টো-রে নগদ গণনা মেশিন ইনস্টল করা আছে তা নিশ্চিত হওয়া।
- ৪.৮. গ্রুপ প্যাকেজ ট্রারে সামাজিক দূরত্ব বজায় রাখার সাথে সাথে পর্যটকের সংখ্যা ১০-১৫ জনের মধ্যে সীমিত রাখা।
- ৪.৯. পর্যটক এবং সেবা প্রদানকারীর জন্য পর্যটন সাইটগুলোতে স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে আপডেট তথ্যসহ অডিও ভিজুয়াল উপস্থাপনার ব্যবস্থা করা।
- ৪.১০. ভ্রমণ বা যাত্রা শুরু হওয়ার পর পথে অন্য কোন যাত্রীর যানবাহনে না ওঠা নিশ্চিত করা।

৫. ট্রার গাইড বা অনুবাদক

- ৫.১. ট্রার চলাচলে পর্যটকদের শরীরের তাপমাত্রা এবং শ্বাস প্রশ্বাসের উপসর্গ নিয়মিত পরীক্ষা নিশ্চিত করা।
- ৫.২. পর্যটক কর্তৃক পর্যটন আকর্ষণ দেখা এবং বিনোদন উপভোগের ক্ষেত্রে বিদ্যমান নিয়মাবলি কঠোরভাবে প্রতিপালন নিশ্চিত করা।
- ৫.৩. সামাজিক দূরত্ব বজায় রাখা সম্পর্কিত সতর্কতামূলক বার্তা অন্য কোন ঘোষণা, বিবরণী, ভাষ্য ইত্যাদির জন্য ট্রার ম্যানেজার বা ট্রার/ গাইড বা অনুবাদক কর্তৃক হ্যান্ড মাইক, মাইক্রোফোন এবং হেডফোন সেট ব্যবহার করা।

৬. পর্যটকদের প্রস্থান করার সময় নিম্নবর্ণিত বিষয় অনুসরণ করা প্রয়োজন:

- ৬.১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নিয়োজিত কর্মকর্তাদের মাধ্যমে পরিচালিত নিবিড় স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে প্রতিটি প্রস্থানকারী পর্যটকের শরীরের তাপমাত্রা এবং স্বাস্থ্যের অবস্থার রেকর্ড রাখা।
- ৬.২. বাংলাদেশে অবস্থানকালে বাংলাদেশে বিদ্যমান স্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে পর্যটকদের সন্তুষ্টির মাত্রা জানার জন্য ট্রার অপারেটর বা ট্রাভেল এজেন্ট বা আমন্ত্রণকারী প্রতিষ্ঠান এবং বাংলাদেশ টুরিজম বোর্ডের যৌথ উদ্যোগে জরিপ পরিচালনা করা।
- ৬.৩. সম্ভব হলে পর্যটকদের প্রস্থানকালীন তার PCR অথবা স্বাস্থ্য পরীক্ষার সনদ প্রদান করা।

[বি: দ্র: এই নির্দেশিকা পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু করার নির্দেশিকা নয়, বরং উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশে যখন পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠান চালু হবে তখন এই নির্দেশিকা অনুসরণ করা আবশ্যিক হবে।